**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 20-09-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

## Assembly session :

ত্রয়োদশ ত্রিপুরা বিধানসভার অষ্টম অধিবেশন গতকাল থেকে শুরু হয়েছে। চলবে আগামী ২৩শে সেপ্টেম্বর পর্যন্ত। অধিবেশনের প্রথম দিন শুরু হয় প্রশ্নোত্তর পর্ব দিয়ে। প্রশ্নোত্তর পর্বের শেষে বিধানসভার প্রাক্তন সদস্য প্রয়াত বুরবুমোহন ত্রিপুরা, অনিল চাকমা, ঝাড়খন্ডের প্রাক্তন মুখ্যমন্ত্রী শিবু সোরেনের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানানো হয়। তাছাড়া পেহেলগামে সন্ত্রাসবাদীদের হাতে নিহত ২৫ জন পর্যটকের মৃত্যু, আহেমাদাবাদে বিমান দুর্ঘটনায় ২৪১ জন সহ অন্যান্যদের মৃত্যুতে বিধানসভার পক্ষ থেকে শোকজ্ঞাপন করা হয়। পাশাপাশি অপারেশন সিঁদুর, রাজ্যের ছেলে অরিত্র রায়ের এভারেস্ট শৃঙ্গ জয় করা ও শুভাংশু শুক্লার মহাকাশ থেকে পৃথিবীতে নির্বিঘ্নে প্রত্যাবর্তনের জন্য অভিনন্দনসূচক প্রস্তাব আনেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, ক্রীড়া ও যুব বিষয়ক মন্ত্রী টিঙ্কু রায় ও বিজ্ঞান, প্রযুক্তিও পরিবেশ মন্ত্রী অনিমেষ দেব্বর্মা প্রমুখ। গতকাল বিজনেস এডভাইসরি কমিটির রিপোর্ট বিধানসভায় ধ্বনি ভোটে গৃহীত হয়।

অধিবেশনের প্রথম দিনে চারটি বিল উত্থাপন করা হয়। এগুলি হল, ত্রিপুরা স্টেট গুডস অ্যান্ড সার্ভিস ট্যাক্স (সংশোধনী) বিল, ত্রিপুরা জন বিশ্বাস (সংশোধনী) বিল, ফ্যাক্টরিজ বিল এবং ত্রিপুরা শপস অ্যান্ড এস্টাবলিশমেন্টস (সংশোধনী) বিল। পরে এই বিলগুলি ধ্বনি ভোটে গৃহীত হয়|

*****************************

**Assembly-Second Session-CM :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা গতকাল বিধানসভায় জানিয়েছেন, রাজ্যের গ্রাম পাহাড় সর্বত্র ঘরে ঘরে বিশুদ্ধ পানীয় জল পোঁছে দেওয়া রাজ্য সরকারের অন্যতম লক্ষ্য| বিধানসভায় গতকাল বিধায়ক রামপদ জমাতিয়ার একটি বেসরকারী প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে মুখ্যমন্ত্রী একথা বলেন| মুখ্যমন্ত্রী জানান, ২০১৯ সালে প্রধানমন্ত্রী যে, জল জীবন মিশন প্রকল্প চালু করেছিলেন তাতে রাজ্যের পাহাড় সমতল উভয় জনবসতি এলাকায় পানীয় জল সরবরাহে এক উল্লেখযোগ্য পরিবর্তন এসেছে| তিনি জানান, পাহাড় ও সমতল রাজ্যের এই উভয় অংশে ৭ লক্ষ ৫0 হাজার ৮৪৯টি পরিবারের মধ্যে গত ১৫ই সেপ্টেম্বর পর্যন্ত হিসাব অনুযায়ী ৬ লক্ষ ৪৬ হাজার ৭৫৮টি পরিবারে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে| মুখ্যমন্ত্রী জানান, এডিসি এলাকায় ৫৮৭টি ভিলেজে এবং ৬0৬টি গ্রাম পঞ্চায়েতে পাইপ লাইনের মাধ্যমে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে|

*****************************

**Tourism Minister :**

পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী জানিয়েছেন, রাজ্য সরকার রাজ্যের পর্যটন শিল্পের বিকাশের মধ্য দিয়ে কর্মসংস্থানে গুরুত্ব দিয়েছে| তিনি বলেন, রাজ্য সরকার পর্যটনের মধ্য দিয়ে রাজ্যে আর্থিক বুনিয়াদ তৈরী করতে উদ্যোগী হয়েছে| রাজ্যে বিভিন্ন পর্যটন স্থলের বিকাশ করা হচ্ছে৷ গতকাল বিধানসভায় বিধায়ক দীপক মজুমদারের এক বেসরকারী প্রস্তাবের উপর আলোচনায় অংশ নিয়ে পর্যটন মন্ত্রী একথা বলেন| তিনি পূর্বতন বামফ্রন্ট সরকারের পর্যটন নীতির সমালোচনা করে বলেন, ওই সরকারের আমলে পর্যটন খাতে ২২ কোটি ৯৬ লক্ষ টাকা ফেরত গেছে দিল্লিতে| মাতাবাড়ি নতুন রূপে গড়ে তোলা মন্দির

আগামী ২২শে সেপ্টেম্বর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী উদ্বোধন করতে রাজ্যে আসছেন বলে উল্লেখ করে তিনি বলেন, প্রধানমন্ত্রীর এই সফরের মধ্য দিয়ে উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দির এক নতুন পরিচিতি পাবে| এই প্রস্তাবের আলোচনায় অংশ নেন বিধায়ক দীপক মজুমদার, বিরোধী দলের সদস্য শৈলেন্দ্র চন্দ্র নাথ, বীরজিৎ সিনহা, দীপংকর সেন| প্রস্তাবটি পরে ধ্বনি ভোটে গৃহিত হয়|

*****************************

## Assembly – NEC :

পরিকল্পনা ও সমন্বয় দপ্তরের মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় জানিয়েছেন ২০২২-২৩ অর্থ বছর থেকে ২০২৪-২৫ অর্থ বছর পর্যন্ত রাজ্য সরকারের বিভিন্ন দপ্তর উত্তর পূর্বাঞ্চল পর্ষদের প্রকল্পের অন্তর্গত ৪৯১ কোটি ২৪ লক্ষ ১৮ হাজার টাকা আনুমানিক ব্যয়ে ৫২টি প্রকল্প প্রস্তাবের জন্য আবেদন করেছে। গতকাল বিধানসভায় বিধায়ক সুদীপ রায় বর্মনের এক লিখিত প্রশ্নের উত্তরে একথা জানিয়ে মন্ত্রী বলেন, ২০২২-২৩ অর্থ বছর থেকে ২০২৪-২৫ অর্থ বছর পর্যন্ত উত্তর পূর্বাঞ্চল পর্ষদের প্রকল্প"-এর আওতায় ১৩টি প্রকল্পের প্রস্তাব অনুমোদন করেছে। যার মোট আনুমানিক ব্যয় ৪৯ কোটি ৯৮ লক্ষ ৩৮ হাজার টাকা এবং এর জন্য ৩০ কোটি ৪১ লক্ষ ৪৪ হাজার টাকা প্রদান করা হয়েছে। তিনি বলেন অনুমোদিত ১৩টি প্রকল্পের মধ্যে ১টি প্রকল্প সম্পন্ন হয়েছে। এছাড়াও, উত্তর পূর্বাঞ্চল পর্ষদের প্রকল্পের অধীনে প্রাপ্ত সহায়তায় রাজ্যে ৭৮টি উন্নয়নমূলক প্রকল্প সম্পন্ন করা হয়েছে।

*****************************

## Irregular Employee :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গতকাল বিধানসভায় জানিয়েছেন, রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরে বিভিন্ন ক্যাটাগরিতে মোট ৩৬ হাজার ৩৭০ জন

অনিয়মিত কর্মচারী রয়েছেন| তার মধ্যে বর্তমান বিজেপি সরকারের আমলে নিয়োজিত হয়েছেন ১৬ হাজার ৪৯৭ জন| তিনি জানান, বিগত বামফ্রন্ট সরকারের আমলে শেষ সময় পর্যন্ত ১৮ হাজার ৩৭৩ জন অনিয়মিত কর্মচারী ছিলেন| তিনি জানান, অর্থ দপ্তরের অনুমোদনে নিযুক্ত বর্তমানে এমন অনিয়মিত কর্মচারী রয়েছেন ১ হাজার ৬৪০ জন| যাদের মধ্যে ১৩৫৯ জন ১০ বছরের বেশি এবং ২৮১ জনের ৫ বছরের বেশি সময় অতিক্রান্ত হয়েছে|

*****************************

**Assembly–Teacher :**

উচ্চশিক্ষামন্ত্রী কিশোর বর্মন জানিয়েছেন ইউ.জি.সি স্বীকৃত বিভিন্ন সাধারণ ডিগ্রী কলেজে ছাত্র ও বিষয়ের ৬০ অনুপাত ১ হিসেবে, ১ হাজার ২০৮ জন অধ্যাপক বা অধ্যাপিকা থাকা প্রয়োজন। গতকাল বিধানসভায় বিধায়ক নয়ন সরকারের আনা প্রশ্নের উত্তরে তিনি একথা জানিয়ে বলেন বর্তমানে রাজ্যের এধরনের কলেজগুলিতে মোট ৪৬১ জন নিয়মিত অধ্যাপক বা অধ্যাপিকা, ১৬০ জন স্নাতকোত্তর শিক্ষক এবং ৬৫৪ জন অতিথি অধ্যাপক বা অধ্যাপিকা রয়েছেন। তিনি জানান প্রফেশনাল ডিগ্রী কলেজে ছাত্র ও বিষয়ের ৩০ অনুপাত ১ হারে, ৪৬ জন অধ্যাপক বা অধ্যাপিকা থাকা প্রয়োজন। বর্তমানে ওই কলেজগুলিতে মোট ৫৩ জন নিয়মিত অধ্যাপক বা অধ্যাপিকা, ১৫ জন স্নাতকোত্তর শিক্ষক এবং ৩৯ জন অতিথি অধ্যাপক বা অধ্যাপিকা রয়েছেন।

*****************************

**Weather**:

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। রাজ্যে কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে| আজ দিনের সর্বোচ্চ

তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এর কাছাকাছি থাকতে পারে| ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৭.৪ ডিগ্রি সেলসিয়াস|

******************************

******************************